তারিখ 30 APR 2017
পৃঃ ... কলাম ...

দৈনিক আমাদের সময়

# ধর্মপাশায় পরীক্ষা দিচ্ছে না ৩ হাজার ৫শ শিক্ষার্থী

সাজিদুল হক, ধর্মপাশা ● হাওরে ফসলডুবির ঘটনায় ধর্মপাশা উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সাড়ে তিন হাজার শিক্ষার্থী এবার পরীক্ষা দিচ্ছে না। হাওরপারের মানুষজন ফসল হারিয়ে কাজের সন্ধানে দিগ্বিদিক হয়ে গ্রাম ছেড়ে শহরের দিকে ছুটছে। পরিবারের শিক্ষার্থীরাও পড়াশোনা ফেলে তাদের সঙ্গে যাচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় সূত্রে জানা গেছে, এ উপজেলায় ৯৮টি সরকারি, ৯১টি নবঘোষিত সরকারি ও ১ হাজার ৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের ৪টিসহ মোট ১৯৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ের মোট শিক্ষার্থী সংখ্যা ৩৩ হাজার ১৫৬। ২৩ এপ্রিল থেকে উপজেলার এরপর পৃষ্ঠা ৯, কলাম ১

## ধর্মপাশায় পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর) সব প্রাথমিক বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা শুরু হয়েছে। কিন্তু মোট শিক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৫১৫ জন পরীক্ষায় অংশগ্রহণ করেনি। হাওরে ফসলডুবির পর থেকে ধর্মপাশা উপজেলার হাওরপারের দরিদ্র মানুষজন কাজের সন্ধানে এলাকা ছাড়তে শুরু করায়, তাদের সঙ্গে ওইসব পরিবারের শিক্ষার্থীরাও এলাকা ছেড়েছে। ফলে পরীক্ষায় অনুপস্থিতির সংখ্যা বেড়ে গেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রোকেয়া আক্তার খাতুন বলেন, হাওরে ফসলডুবির ঘটনায় পরীক্ষায় শিক্ষার্থীদের অনুপস্থিতি বেড়েছে। অনেক শিক্ষার্থীই তার পরিবারের সঙ্গে এলাকা ছেড়ে কাজের সন্ধানে শহরমুখী হয়েছে। এ উপজেলায় প্রথম সাময়িক পরীক্ষায় ৩ হাজার ৫১৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেনি। দ্বিতীয় ও বার্ষিক পরীক্ষার ফি মওকুফ, বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহ ও উপবৃত্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের হাজিরা শিথিল করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, [illegible] বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর